রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**হোটেল ও রেস্তোরাঁ সেল**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ৩ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিঃ

**বিষয় ঃ পর্যটন শিল্প বিকাশের লক্ষ্যে মানসম্পন্ন আবাসিক হোটেল নির্মাণে সহায়তা প্রদানের উদ্দেশ্যে শুল্ক-কর সুবিধা (Tax Rebate) প্রদানের জন্য মানসম্পন্ন হোটেল চিহ্নিতকরণ ও প্রত্যয়ন প্রদান সম্পর্কিত নীতিমালা** (Guidelines).

**নং ৩০.০০.০০০০.০২০.১০.০০২.২০১৩-১০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৩ এপ্রিল ২০১৪ তারিখের এস আর ও নং ৫০-আইন-২০১৪-২৪৭৬/কাস্টমস্ এর মাধ্যমে পর্যটন শিল্প বিকাশের লক্ষ্যে মানসম্পন্ন আবাসিক হোটেল নির্মাণে সহায়তা প্রদানের উদ্দেশ্যে আবশ্যকীয় ও মূলধনী প্রকৃতির যন্ত্রপাতি ও উপকরণের উপর শুল্ক-কর রেয়াতী সুবিধা প্রদানের জন্য চিহ্নিত করা হয়েছে। এ প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে যে উক্ত রেয়াতী সুবিধাদি কেবলমাত্র Chain Hotel এর Franchise সম্পন্ন অথবা বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক মানসম্পন্ন হিসেবে নির্দিষ্টকৃত আবাসিক হোটেলের ক্ষেত্রে প্রযোজ্য হবে। সে উদ্দেশ্যে মানসম্পন্ন আবাসিক হোটেল নির্বাচনের জন্য মন্ত্রণালয় কর্তৃক এ নীতিমালা প্রণয়ন করা হলো।

**(ক) নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্য :-**

এ নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে পর্যটন শিল্প বিকাশের লক্ষ্যে মানসম্পন্ন হোটেলের যথাযথ মান (Standard) নির্ধারণের লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ও বিশেষজ্ঞের সমন্বয়ে যাচাই কমিটি গঠন ও এ কমিটি কর্তৃক নির্মাণাধীন আবাসিক হোটেলের 'মান যাচাই' সংক্রান্ত কার্যক্রম পরিচালনার পদ্ধতি নির্ধারণ।

**(খ) নীতিমালার ক্ষেত্র বা Scope** :-

পর্যটন শিল্প বিকাশের লক্ষ্যে Franchise সম্পন্ন Chain Hotel ব্যতীত নির্মাণাধীন আবাসিক হোটেলের জন্য আমদানিতব্য আবশ্যকীয় ও মূলধনী প্রকৃতির যন্ত্রপাতি ও উপকরণের উপর শুল্ক-কর রেয়াতের লক্ষ্যে হোটেলের যথাযথ মান (Standard) নির্ধারণের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

**(গ) হোটেলের মান যাচাই কমিটি** :-

নিম্নবর্ণিত কমিটি সরেজমিনে পরিদর্শন ও তদন্তের মাধ্যমে নির্মীয়মান হোটেলের মান যাচাই করবে ঃ

০১. নিয়ন্ত্রক, হোটেল ও রেস্তোরাঁ সেল বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। - আহ্বায়ক।

০২. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কর্তৃক মনোনীত বিশেষজ্ঞ প্রতিনিধি জি. এম (প্লানিং এন্ড ওয়ার্কস) - সদস্য।

০৩. সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের) - সদস্য।

০৪. বাংলাদেশ সার্ভিসেস লিঃ (BSL) এর একজন বিশেষজ্ঞ প্রতিনিধি - সদস্য।

০৫. সভাপতি/সেক্রেটারী, ইন্টারন্যাশনাল হোটেল এসাসিয়েশন লিঃ - সদস্য।

০৬. সহকারী নিয়ন্ত্রক, হোটেল ও রেস্তোরাঁ সেল - সদস্য।

**(ঘ) যাচাই কমিটির কর্ম পরিধি** :-

০১. সরেজমিনে প্রস্তাবিত হোটেলের স্থান, অবকাঠামো ইত্যাদি পরিদর্শন।

০২. মানসম্পন্ন হোটেল হিসেবে সম্ভাব্যতা যাচাই (Feasibility study)।

০৩. শুল্ক-কর রেয়াত সুবিধা প্রাপ্তির শর্তাদি ও মানসম্পন্ন হোটেলের সূচকসমূহ যাচাই।

০৪. নীতিমালার শর্তসমূহ ও হোটেল কর্তৃপক্ষের অঙ্গীকারনামার ভিত্তিতে মানসম্পন্ন হোটেল হিসেবে অত্র মন্ত্রণালয়ের সচিব বরাবর সুপারিশ/মন্তব্যসহ প্রতিবেদন দাখিল।

**(ঙ) মানসম্পন্ন হোটেলের ক্ষেত্রে শুল্ক-কর রেয়াতী সুবিধা প্রাপ্তির শর্তসমূহ :-**

০১. নির্মীয়মান হোটেলটি সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হতে হবে।

০২. অনুমোদিত Plan অনুসারে হোটেলটির ন্যূনতম ৬০% ভৌত/পূর্ত অবকাঠামো (Physical/Civil Structure) নির্মিত না হলে শুল্ক-কর সুবিধার জন্য আবেদন বিবেচনাযোগ্য হবে না।

০৩. নির্মাণাধীন হোটেলটির অবকাঠামো ও অন্যান্য সুবিধাদি ন্যূনতম তিনতারকা বা তদূর্ধ্ব মানের হোটেলের সমমান হতে হবে।

০৪. নির্ধারিত হোটেলের জন্য অনুমোদিত পণ্যসমূহ শুধুমাত্র একবার আমদানি করা যাবে।

০৫. পণ্য খালাসের ছয় মাসের মধ্যে আমদানিকৃত যন্ত্রপাতি ও পণ্যসমূহ নির্ধারিত হোটেলে ব্যবহার করতে হবে।

**(চ) কমিটি কর্তৃক যাচাইয়ের নিমিত্ত মানসম্পন্ন হোটেলের ন্যূনতম সূচকসমূহ (Criteria) :-**

| | | |
|---|---|---|
| ০১ | হোটেল ভবন কাঠামো ও নকশা | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। |
| ০২ | কক্ষ সংখ্যা ও কক্ষের ন্যূনতম আয়তন | কমপক্ষে ১০০টি কক্ষ থাকতে হবে। বাথরুমসহ কক্ষের আয়তন ন্যূনতম ২৬ বর্গ মিটার হতে হবে। |
| ০৩ | সংযুক্ত স্নানাগার | ১০০% কক্ষে সংযুক্ত স্নানাগার থাকতে হবে। |
| ০৪ | S. T. P | Sewerage Treatment Plant থাকতে হবে। |
| ০৫ | লিফ্‌ট | প্রয়োজনীয় সংখ্যক Guest & Service লিফ্‌ট থাকতে হবে। |
| ০৬ | সার্বক্ষণিক ঠান্ডা ও গরম পানির ব্যবস্থা | প্রতিটি কক্ষে থাকতে হবে। |
| ০৭ | এয়ারকন্ডিশনিং/হিটিং ব্যবস্থা | প্রতিটি কক্ষে এয়ারকন্ডিশনিং/হিটিং ব্যবস্থা থাকতে হবে। |
| ০৮ | অগ্নি নির্বাপন ব্যবস্থা | আধুনিক অগ্নি নির্বাপন ব্যবস্থা থাকতে হবে। |
| ০৯ | পার্কিং ব্যবস্থা | ন্যূনতম ৫০টি কারের জন্য নিজস্ব পার্কিং ব্যবস্থা থাকতে হবে। |
| ১০ | সভাকক্ষ ও সম্মেলন কক্ষ | শীতাতপ নিয়ন্ত্রিত ৫০ আসন বিশিষ্ট সভাকক্ষ এবং ২০০ আসন বিশিষ্ট সম্মেলন কক্ষ থাকতে হবে। |
| ১১ | ব্যাঙ্কুয়েট হল ও রেস্টুরেন্ট | শীতাতপ নিয়ন্ত্রিত ১৫০ আসনবিশিষ্ট ব্যাঙ্কুয়েট হল এবং ডাইনিং হল ছাড়াও ন্যূনতম ৫০ আসন বিশিষ্ট একটি রেস্টুরেন্ট থাকতে হবে। |
| ১২ | অভ্যর্থনা কক্ষ, লাউঞ্জ ও লবী | অভ্যর্থনা কক্ষ, লাউঞ্জ ও লবীর সুবিধাদি থাকতে হবে। |
| ১৩ | জিমনেসিয়াম, সনা, স্টীম বাথ ও স্পা | জিমনেসিয়াম, সনা, স্টীম বাথ ও স্পা ইত্যাদি থাকতে হবে। |
| ১৪ | লন্ড্রী ও সেলুন | মানসম্মত লন্ড্রী ও সেলুন থাকতে হবে। |

**(ছ) শুল্ক-কর রেয়াতী সুবিধা প্রাপ্যের ক্ষেত্রে হোটেল কর্তৃপক্ষের করণীয় :-**

০১. সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০২. হোটেলের (Detailed Description of Facilities, Lay-out Plan, and Structural Design) প্রভৃতি দাখিল করতে হবে।

০৩. সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদ/ছাড়পত্র/অনুমোদনপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন, LD Tax দাখিলা ও আয়কর সনদ প্রভৃতির সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৪. হোটেল চালু হলে বৈদেশিক মুদ্রা আয়, মূসক-আয়কর-কর্মসংস্থান সৃষ্টি হবে ইত্যাদির প্রাক্কলিত তথ্য দাখিল করতে হবে।

০৫. সরকারি বিধি, নীতিমালা, শর্তসমূহ পালনে ব্যত্যয় হলে ও প্রয়োজনের অতিরিক্ত পণ্যসামগ্রী আমদানি করলে এবং যে উদ্দেশ্যে এ কর রেয়াত সুবিধা নেয়া হবে সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে আমদানিকৃত নির্মাণ সামগ্রী ব্যবহার করা হলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ধার্য জরিমানা প্রদানে বাধ্য থাকবে মর্মে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল তরতে হবে।

**(জ) প্রত্যয়নকারী কর্তৃপক্ষ :-**

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের হোটেল ও রেস্তোরাঁ সেল এর নিয়ন্ত্রক প্রত্যয়নকারী কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবেন। হোটেলের প্রাপ্ত মান ও যাচাই কমিটির সুপারিশ অনুসারে মন্ত্রণালয়ের অনুমোদনের ভিত্তিতে তিনি জাতীয় রাজস্ব বোর্ড বা হোটেল কর্তৃপক্ষের অনুকূলে প্রত্যয়নপত্র প্রদন করবেন।

**(ঝ) আবেদনকারীকে অবহিতকরণ :-**

মানযাচাই কমিটি কর্তৃক কোন হোটেল যথাযথ মানসম্পন্ন বা সুপারিশযোগ্য হিসেবে বিবেচিত না হলে নিয়ন্ত্রক তা আবেদনকারীকে জানিয়ে দিবেন।

**খোরশেদ আলম চৌধুরী**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগী হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd